

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের আগে রুকৃ' ও সাজদা করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ مُبَادَرَةِ الْمَأْمُومِ بِالرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

2227 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا لَيْثُ بْنُ سَعْدِ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى عَنِ ابْنِ مُحَيْرِيزٍ سَمِعَ مُعَاوِيَةَ عَلَى الْمِنْبَرِ يَقُولُ: عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى عَنِ ابْنِ مُحَيْرِيزٍ سَمِعَ مُعَاوِيَةَ عَلَى الْمِنْبَرِ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَسْبِقُونِي بِالرُّكُوعِ وَلَا بِالسُّجُودِ فَإِنِي قَدْ بَدَّنْتُ وَإِنِي مَهْمَا أَسْبِقْكُمْ بِهِ حِينَ أَرْكَعُ تُدْرِكُونِي بِهِ حِينَ أَرْفَعُ وَمَا سَبَقْتُكُمْ بِهِ حين أسجد وَإِنِي به حين أرفع)
تدركوني به حين أرفع)

الراوي: مُعَاوِيَة بْن أَبِي سُفْيَانَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2227 | خلاصة حكم المحدث: حسن صحيح _ ((صحيح أبي داود)) (630).

বাংলা

২২২৭ মু'আবিয়া বিন আবূ সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা আমার আগে রুকূ' ও সাজদা করবে না। কেননা নিশ্চয়ই আমার শরীরের ওজন বেড়ে গেছে। আর যখন আমি রুকূ' করি, যত আগেই রুকু' করি না কেন, তোমরা আমাকে সেই সময়ে পাবে, যখন আমি রুকু' থেকে মাথা উত্তলন করবো। যখন আমি তোমাদের আগে সাজদা করি, তোমরা আমাকে সেই সময়ে পাবে, যখন আমি সাজদা থেকে মাথা উত্তলন করবো।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৯২; আবূ দাউদ: ৬১৯; ইবনু মাজাহ: ৯৬৩; ইবনুল জারূদ, আল মুনতাকা: ৩২৪; বাগাবী: ৮৪৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৯৪; হুমাইদী: ৬০৩; তাবারানী: ১৯/৮৬২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৩০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন